

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সাপোর্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প
সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড
বনানী, ঢাকা-১২১২
www.bba.gov.bd

স্মারক নং: ৫০.০০.০০০০.৩০১.০০.০১৪.২০১২-(অংশ-২)-১২৮৭

তারিখ: ০৮ পৌষ ১৪২৮
২৩ ডিসেম্বর ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের আওতায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীনে “সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প” এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সরকারি বিধি মোতাবেক) জাতীয় বেতন স্কেল ২০১৫, অনুযায়ী সাকুল্য বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও সর্বসাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	গ্রেড	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
০১.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সর্বসাকুল্য বেতনঃ ১৭,৩৪৫/-	১৬	০১	১৮-৩০	ক) কোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে স্নাতক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ টাইপিং এ প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২০ শব্দ। খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং এ জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলীঃ

- ১। বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্যে বেতনে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ করা হবে।
- ২। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও ২৫ মার্চ ২০২০ইং তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা, ইত্যাদি উল্লেখপূর্বক প্রকল্প পরিচালক “সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প” সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২ বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্র জিইপি/রেজিস্ট্রি ডাক/কুরিয়ার সার্ভিস যোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে গ্রহণ করা হবে।
- ৩। আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/কর্মকর্তার স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র, একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ৪। সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে “প্রকল্প পরিচালক, সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প” এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফটস (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- ৬। অসমাপ্ত ও নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ৭। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩; তারিখঃ ১৯/০৮/২০২১ মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর হয়েছে তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ২৫/০৩/২০২০ তারিখে ৩২ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৮। খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ৯। বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- ১০। নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ১২। প্রকল্প সমাপ্তির সঙ্গে সঙ্গে চাকুরী হতে অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরী অবসানের নোটিশ হিসাবে গণ্য হবে।
- ১৩। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। পদ সংখ্যা কম/বেশী/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৫। বিজ্ঞপ্তি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd তে পাওয়া যাবে।
- ১৬। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ২২ জানুয়ারি ২০২২ইং তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা।

এ এইচ এম এস আকতার

প্রকল্প পরিচালক

ফোনঃ ৫৫০৪০৪০১